



আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান



জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে ১৪ জুন ২০২৩-বুধবার বাংলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে এবং কবি নজরুল ইনস্টিটিউটের পৃষ্ঠপোষকতায় আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সিএসই বিভাগের ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

বাংলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মিল্টন বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিভাগীয় সেমিনার ও প্রকাশনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস এবং সংগীত বিভাগের সহকারী অধ্যাপক মোঃ মাহমুদুল হাসান।





জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



বাংলা বিভাগের শিক্ষক সানজিদা মাসুদ মূল প্রবন্ধ উপস্থাপন করেন। প্রবন্ধের উপর আলোচনা করেন কবি নজরুল ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক এ এফ এম হয়াতুল্লাহ এবং উপসচিব মোঃ রায়হান কাওছার।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন বিভাগীয় শিক্ষক শাহ মো. আরিফুল আবেদ। এছাড়াও বাংলা বিভাগের শিক্ষার্থীবৃন্দ এবং কবি নজরুল ইনস্টিটিউটের শিল্পীবৃন্দের পরিবেশনায় সাংস্কৃতিক পর্ব অনুষ্ঠিত হয়।